গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং-২৭.০০.০০০০.০৪১.১১.০০১.২০.২৮৪

তারিখ: ১১ আষাঢ় ১৪২৭
২৫ জুন ২০২০

# নিয়োগ বিজ্ঞপ্তি

বিদ্যুৎ বিভাগের বিভিন্ন ক্যাটাগরির ১৩-২০তম গ্রেডের ১২ (বার)টি শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে বিধি মোতাবেক জনবল নিয়োগের জন্য নিম্নবর্ণিত পদসমূহে শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক সংখ্যা | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ০১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ২ (দুই)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত ও কম্পিউটার বিষয়ক সাধারণ জ্ঞান বিষয়ভিত্তিক ৯০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং<br>(ঘ) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা শুধু ব্যবহারিক পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন। | সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০২। | সাট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ (১১,০০০-২৬,৫৯০/-) | ২ (দুই)টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি ;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান বিষয়ে সর্বমোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত;<br>(ঘ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(ঙ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০ শব্দ এবং বাংলায় ২৫ শব্দ; এবং<br>(চ) কম্পিউটারে Word Proccessing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ০৩। | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (৯,৩০০-২২,৪৯০/-) | ৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত, সাধারণ জ্ঞান বিষয়ে সর্বমোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে;<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত;<br>(ঘ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ; এবং<br>(ঙ) কম্পিউটারে Word Proccessing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা বিভাগের মাদারীপুর ও নরসিংদী জেলা; ময়মনসিংহ বিভাগের ময়মনসিংহ জেলা; চট্টগ্রাম বিভাগের কুমিল্লা; রাজশাহী বিভাগের সিরাজগঞ্জ, বগুড়া জেলা; রংপুর বিভাগের কুড়িগ্রাম জেলা; খুলনা বিভাগের যশোর, চুয়াডাঙ্গা জেলা; বরিশাল বিভাগের ভোলা, পিরোজপুর জেলা এবং সিলেট বিভাগের হবিগঞ্জ জেলার প্রার্থীগণের আবেদনের করার প্রয়োজন নাই। তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |
| ০৪। | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (৮,২৫০-২০,০১০/-) | ৫ (পাঁচ)টি | (ক) মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলা, ইংরেজি, গণিত বিষয়ে সর্বমোট ৪০ নম্বরের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। | ঢাকা বিভাগের মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, শরিয়তপুর ও রাজবাড়ি জেলা; ময়মনসিংহ বিভাগের শেরপুর জেলা; চট্টগ্রাম বিভাগের লক্ষীপুর, চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া জেলা; রংপুর বিভাগের রংপুর, গাইবান্ধা, নীলফামারী জেলা; রাজশাহী বিভাগের জয়পুরহাট, পাবনা ও চাপাইনবাবগঞ্জ জেলা; খুলনা বিভাগের খুলনা, যশোর, মাগুরা জেলা; বরিশাল বিভাগের বরিশাল, পঁটুয়াখালী |

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | জেলা; সিলেট বিভাগের সুনামগঞ্জ, হবিগঞ্জ জেলাসমূহের প্রার্থীগণের আবেদন করার প্রয়োজন নাই; তবে এতিম ও শারীরিক প্রতিবন্ধীর ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। |

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবেঃ

১. ১ জুন ২০২০ তারিখে সাধারণ প্রার্থীর বয়স অনুর্ধ্ব ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যার পুত্র কন্যাদের ক্ষেত্রে বয়স অনুর্ধ্ব ৩০ বছর এবং ২-৩ নং ক্রমিকের পদের বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২. সরকারি, আধা সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

**৩. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থী http://pd.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ২০-০৭-২০২০ তারিখ, দুপুরঃ ১২:.০০ ঘটিকা।

II. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২০-১০-২০২০ তারিখ, বিকাল-০৫:০০ ঘটিকা।
উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী download পূর্বক রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ১-৩ নং ক্রমিকের পদের জন্য ১১২.০০/- এবং ৪ নং ক্রমিকের পদের জন্য ৫৬.০০/- টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। **এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না"।**

প্রথম SMS: PD<space>User ID লিখে Send করতে হবে ১৬২২২ নম্বরে।

***Example: PD ABCDEF***

*Reply: Applicant's Name, Tk-**112/56** will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type PD<Space>Yes<Space>PIN and send to 16222.*

দ্বিতীয় SMS: PD<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

***Example: PD YES 12345678***

*Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for PD Application for post xxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).*

চ. **প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** http://pd.teletalk.com.bd **ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে** (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। **Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।**

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে **পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী** Download **পূর্বক রঙ্গিন** Print **করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন;**

জ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে PD<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: PD Help User ABCDEF & send to 16222

II. PIN Number জানা থাকলে: PD<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.
Example: PD Help PIN 12345678 & send to 16222.

ঝ. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে ৯৫৪০২৬৩/৯৫১৩৩৬৪ নম্বরে যোগাযোগ করা যাবে।

৪. প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থিতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১টি করে সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(খ) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা/কম্পিউটার প্রশিক্ষণ সনদপত্রসহ);

(গ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভার বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র;

(ঘ) কোটা দাবীর সমর্থনে প্রার্থীকে সর্বশেষ নীতিমালা অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণপত্রের সত্যায়িত ছায়ালিপি;

(ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(চ) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত অনুলিপি;

(ছ) Online-এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's copy)।

(জ) প্রবেশপত্রের কপি।

Free Job Alert 4 U
All Job Circular, Admission News and Result of Bangladesh
https://freejobalert4u.com

৫. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিল-স্বাক্ষরিত ছাড়পত্রের সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৬. পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য বিদ্যুৎ বিভাগের ওয়েবসাইটে ( www.powerdivision.gov.bd) পাওয়া যাবে।

৭. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা ও কোটা নীতি অনুসরণ করা হবে এবং পরবর্তীতে সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন হলে (প্রযোজ্য ক্ষেত্রে) তা অনুসরণ করা হবে।

৮. কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৯. লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১০. উপরে উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

25/11/2020

তাহমিনা ইয়াসমিন
উপসচিব
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
বিদ্যুৎ বিভাগ
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়